

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২৬, ২০১৪

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

আইনগত বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স কর্ণফুলী প্রোপারটিজ (M/s. Karnaphuli Properties) নামীয় অংশীদার ফার্ম যার রেজিস্ট্রেশন নং পিএফ-৩১৩৫৭/০৭ তারিখ : ১৫-০২-২০০৭ইং এর রেজিস্টার্ড কার্যালয় প্রাইম ভিউ, সুইট নং ৪০৩, ৭নং গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা। উক্ত ফার্মে, এম. সিরাজুল ইসলাম এবং এম. শাহেদুল ইসলাম দুইজন অংশীদার ছিলাম। অংশীদার এম. সিরাজুল ইসলাম গত ২৭-০১-২০১৩ইং তারিখে ইস্তিকাল করিয়াছেন। অংশীদারী আইনের ৪২(গ) ধারা অনুযায়ী কোন অংশীদারের মৃত্যু হইলে উক্ত কারবারটি বিলুপ্ত (Dissolved) হইয়া যায়। সেই মোতাবেক অংশীদারী আইনের ৪২(গ) ধারা অনুযায়ী উক্ত কারবারটি ০৮-০৯-২০১৩ইং তারিখ হইতে বিলুপ্ত (Dissolved) করা হইল। অংশীদার মৃত এম. সিরাজুল ইসলামের সমুদয় শেয়ার (অর্থাৎ উক্ত কারবারের ৫০% শেয়ার) তাহার উত্তরাধিকারী-ছেলে (১) এম. শাহেদুল ইসলাম, (২) এম. এহসানুল ইসলাম, (৩) এম. ফায়জুল ইসলাম এবং (৪) স্ত্রী- বেগম জিন্নাত ইসলামকে সমানভাবে (অর্থাৎ ১২.৫% করিয়া) ভাগ করিয়া দেওয়া হয়।

এম. শাহেদুল ইসলাম
অংশীদার
মেসার্স কর্ণফুলী প্রোপারটিজ।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১০৩৩)

মূল্য : টাকা ৪.০০